



নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০২৪.২১.৪৮

তারিখ: ১২ বৈশাখ ১৪২৮

২৫ এপ্রিল ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: থাইল্যান্ডে অনুষ্ঠিত মাস্টার্স কোর্সে অংশগ্রহণের জন্য সরকারি কর্মকর্তাগণের নিকট হতে আবেদন আহ্বান।

রাজকীয় থাই সরকারের প্রদত্ত ফেলোশিপের আওতায় থাইল্যান্ডে অনুষ্ঠিত Master Degree in Agriculture, Public Health, Tourism, Public Administration, Economics, Fishery, Management, Environment and Climate Change কোর্সে বাংলাদেশের সরকারি কর্মকর্তাদের অংশগ্রহণের সুযোগ রয়েছে। উল্লিখিত কোর্সসমূহে মোট ৮ জন প্রার্থী বাংলাদেশ থেকে আবেদন করতে পারবে। মাস্টার্স কোর্সসমূহে অংশগ্রহণের জন্য কোর্সের বিষয়ের সঙ্গে চাকরি সংক্রান্ত অথবা শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সংশ্লিষ্টতা রয়েছে এমন সরকারি কর্মকর্তাগণের নিকট হতে আগামী ২৯/০৪/২০২১ তারিখের মধ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে।

শর্তসমূহ :

- ক. সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। একজন আবেদনকারী কেবল ১টি বিষয়ে আবেদন করতে পারবেন;
- খ. আবেদনকারীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;
- গ. আবেদনকারীকে সংযুক্ত তথ্য ফরম ও আবেদন ফরম পূরণ করতে হবে;
- ঘ. চাকরিতে প্রবেশের পর প্রেষণ/শিক্ষাছুটিতে একটি মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছেন এমন কর্মকর্তার আবেদন করার প্রয়োজন নেই;
- ঙ. কোর্স শুরুর তারিখে বয়স ৪৫ বছরের মধ্যে হতে হবে;
- চ. আবেদনের সঙ্গে সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদ, চাকরি স্থায়ীকরণের প্রমাণক ও অফিসিয়াল পাসপোর্টের কপি সংযুক্ত করতে হবে;
- ছ. প্রয়োজনীয় কাগজপত্রসহ ০৪ (চার) সেট আবেদনপত্র আগামী ২৯/০৪/২০২১ তারিখ বিকাল ৫.০০টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (ভবন নং-২, কক্ষ নং-১০৯, বাংলাদেশ সচিবালয়) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে; এবং
- জ. প্রার্থীত আবেদনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও থাইল্যান্ড কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

২৫-৪-২০২১

মু. ইকরামুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৪৪২৬
ইমেইল: ft@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) বিভাগীয় কমিশনার (সকল)
- ৩) জেলা প্রশাসক (সকল)
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (জরুরিভিত্তিতে ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।